Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 14 May, 2025

শাহবাগ থানার কাছে সোহরাওয়ার্দী উদ্যানে গতরাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের এক নেতাকে হত্যার ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাসুদ আলম জানান, যাদেরকে গ্রেপ্তার করা হয়েছে তারা সবাই বহিরাগত। তারা হলেন তামিম হাওলাদার (৩০), সম্রাট মল্লিক (২৮) এবং পলাশ সরদার (৩০)।

নিহত শাহরিয়ার আলম সাম্য (২৫) জাতীয়তাবাদী ছাত্রদলের স্যার এ এফ রহমান হল ইউনিটের সাহিত্য ও প্রকাশনা সম্পাদক ছিলেন।

তার সহপাঠী আশরাফুল ইসলাম রাফি জানান, সিরাজগঞ্জের উল্লাপাড়ার বাসিন্দা সাম্য ঢাবির শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের (২০১৮-১৯ সেশন) ছাত্র।হলের ২২২ নম্বর কক্ষের আবাসিক ছাত্র ছিলেন তিনি।

রাফি জানান, সাম্য মোটরসাইকেলে করে সোহরাওয়ার্দী উদ্যানের পাশ দিয়ে যাওয়ার সময় অন্য একটি বাইকের সঙ্গে সংঘর্ষ হয়।এর জের ধরে কথা কাটাকাটি ও ধস্তাধস্তি হয়।এক পর্যায়ে অজ্ঞাত ব্যক্তিরা সাম্যের ডান উরুতে ছুরিকাঘাত করে পালিয়ে যায়।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তাকে মৃত ঘোষণা করা হয়।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:52

URL: https://timestodaybd.com/politics/2448316825